দৈনিক জনকণ্ঠ

তারিখ ... JAN. 24 1999 ...
পৃষ্ঠা ৮ কলাম ৫

৪৭

## গনপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মাননীয় প্রধানমন্ত্রী সমীপে. বাংলাদেশ সহকারী থানা শিক্ষা অফিসার সমিতির পক্ষ থেকে আকুল আবেদন।

**মাননীয় প্রধানমন্ত্রী,**

আপনার প্রজ্ঞা ও গতিশীল নেতৃত্বে জনগণ দীর্ঘদিন পর-. স্বাধীনতার প্রকৃত সুফললাভে সক্ষম হচ্ছে। তাই ন্যায় বিচারের প্রতীক হিসেবে সুবিচার প্রাপ্তির জন্য সবিনয়ে জানাচ্ছি যে, প্রাথমিক শিক্ষা সমাজের মৌলিক চাহিদা। প্রাথমিক শিক্ষা ক্ষেত্রে সরকারের গৃহিত বহুবিধ গণমূখী পদক্ষেপ ও মহতী উদ্যোগ সফল বাস্তবায়নে সহকারী থানা শিক্ষা অফিসারগণ জনসাধারণের সংস্পর্শে থেকে নিরলশ প্রচেষ্টা চালিয়ে সরকারকে সহায়তা প্রদান করে যাচ্ছেন। ফলে দেশে প্রভুত অগ্রগতি সাধিত হচ্ছে। অথচ সহকারী থানা শিক্ষা অফিসারগণ অন্যান্য বিভাগের ন্যায় সুযোগ সুবিধা না পেয়ে অবমূল্যায়িত হওয়ায় হীনমন্যতায় ভুগছেন। যুক্তিসংগত দাবী সমূহ বিবেচনার জন্য আপনার দপ্তর থেকে বহু বার পত্র জারিও হয়েছে।

সমাজ সংস্কারক,

সমিতির যুক্তিসংগত পাঁচ দফা দাবী, যথাঃ- ১) পদোন্নতির কোটা ৮০% বৃদ্ধি সহ অধিদপ্তরের শিক্ষা ও গবেষনা অফিসার পদে পদোন্নতি প্রদান ২) ১০০% সিলেকশন গ্রেড প্রদান ও সকল স্তরের শিক্ষা কমিটিতে একজন প্রতিনিধি রাখা ৩) যানবাহন হিসেবে মটর সাইকেল সরবরাহ এবং দপ্তর স্থাপন ও আবাসনের ব্যবস্থা ৪) সহকারী থানা শিক্ষা অফিসার পদটি প্রথম শ্রেণীতে উন্নীত এবং ৪৫-৬০টি সরকারী প্রাথমিক বিদ্যালয় সমন্বয়ে শিক্ষা এলাকা/ অঞ্চল গঠন করা ৫) প্রাথমিক ও গণশিক্ষা বিভাগকে "প্রাথমিক শিক্ষা মন্ত্রণালয়" রূপান্তর পূর্বক প্রাথমিক শিক্ষা ক্যাডার সৃষ্টি এবং সহকারী থানা শিক্ষা অফিসার পদটি ক্যাডারের ভিত্তিপদ ধরা। বর্ণিত দাবী সমূহ সদয় বিবেচনার জন্য আপনার সহানুভূতিপূর্ণ ব্যক্তিগত হস্তক্ষেপ ও মহানুভবতা কামনা করছি। (ঐক্য পরিষদের কর্মসূচীর সাথে এ সমিতির কোন সম্পর্ক নেই।)

বিনীত নিবেদকবৃন্দ,

(মোঃ নুরুজ্জামান)
সভাপতি

(গিয়াস উদ্দীন আহম্মদ)
সাধারণ সম্পাদক